যুগান্তর

JAN. 31 2002

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা 2 ... কলাম ... 6 ...

# আহমেদ মূসা লোকশিল্প ফাউন্ডেশনের ও মাহমুদ শফিক জাতীয় গ্রন্থ কেন্দ্রের পরিচালক

যুগান্তর রিপোর্ট

বিশিষ্ট লেখক, সাংবাদিক ও নাট্যকার আহমেদ মূসাকে বাংলাদেশ লোকশিল্প ও কারু ফাউন্ডেশনের পরিচালক নিযুক্ত করা হয়েছে। কবি ও সাংবাদিক মাহমুদ শফিককে জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক পদে নিয়োগ দেয়া হয়েছে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল এ দুটি চুক্তিভিত্তিক নিয়োগের প্রস্তাব অনুমোদন করেছেন।

এদিকে অমর একুশে বই মেলা উদ্বোধনের আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইন্সটিটিউটের অধ্যাপক মনসুর মুসাকে বাংলা একাডেমীর নতুন মহাপরিচালক নিয়োগের জন্য প্রস্তাব প্রধানমন্ত্রীর কাছে পাঠানো হয়েছে। একই সঙ্গে বিশিষ্ট কবি ও নজরুল গবেষক অধ্যাপক আবদুল মান্নান সৈয়দকে নজরুল ইন্সটিটিউটের মহাপরিচালক নিয়োগের প্রস্তাব পাঠানো হয়েছে। সংস্কৃতি প্রতিমন্ত্রী সেলিমা রহমান গত রাতে যুগান্তরকে জানিয়েছেন, আজ এ দুটি নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে।